

আমাদের সমাজে অনেকেই সালাতে দাঁড়িয়ে কিবলামুখী হয়ে তাকবীরে তাহরীমাহ বলার আগেই এই বাক্যগুলো...

প্রশ্ন:-

“وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِي فَطَرَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا، وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ، إِنَّ صَلَاتِي، وَنُسُكِي، وَمَحْيَايَ، وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ، لَا شَرِيكَ لَهُ، وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ”

আমাদের সমাজে অনেকেই সালাতে দাঁড়িয়ে কিবলামুখী হয়ে তাকবীরে তাহরীমাহ বলার আগেই উপরোক্ত বাক্যগুলো (যিক্রটি আংশিক) পড়ে থাকেন। প্রশ্ন হলো- প্রকৃতপক্ষে সালাতে এই যিক্রটি কখন পড়তে হয়?

উত্তর:- উক্ত যিক্রটি তাকবীরে তাহরীমাহর আগে নয়, পরে পাঠ করা মুছতাহাব। এটি সালাতের প্রারম্ভিক বা সালাত আরম্ভ করার যিক্র হিসেবে রাছুলুল্লাহ ﷺ হতে বর্ণিত রয়েছে। আলী ﷺ হতে বর্ণিত যে, রাছুলুল্লাহ ﷺ মাঝে মাঝে সালাতে দাঁড়িয়ে তাকবীরে তাহরীমাহ বলার পর-

“وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِي فَطَرَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا، وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ، إِنَّ صَلَاتِي، وَنُسُكِي، وَمَحْيَايَ، وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ، لَا شَرِيكَ لَهُ، وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ”

এই যিক্র পাঠের মাধ্যমে সালাত শুরু করতেন।’

সুতরাং উক্ত যিক্রটি তাকবীরে তাহরীমাহ বলে সালাত শুরু করার আগে পড়া যাবে না।

সূত্র:- ফাতাওয়া আশ্শাইখ সালিহ আল ফাওয়ান رحمته الله।